

ঢাকা
মঙ্গলবার
১০ চৈত্র
১৪২১ বঙ্গাব্দ

দৈনিক
জনকণ্ঠ

নীতির প্রশ্নে আপোসহীন

পরীক্ষা নিয়ে উদ্বেগ

বিএনপি নেতৃত্বাধীন ২০ দলীয় জোটের ঢাকা অবরোধ-হরতাল কর্মসূচিতে দেশের শিক্ষা ব্যবস্থায় নেমে এসেছে অনিশ্চয়তা, আশঙ্কা ও বিপর্যয়। পৃথিবীর অন্যান্য দেশে রাজনৈতিক সঙ্কটের মোকাবিলা কেবল রাজনৈতিকভাবে হলেও বাংলাদেশে রাজনীতিকের পরিচয়ের আড়ালে একশ্রেণীর নাশকতা সৃষ্টিকারী দেশের সাধারণ মানুষের জীবনযাত্রা অচল করে দিয়েছে। পেট্রোলবোমা, ককটেল, অগ্নিসংযোগ, ভাংচুর, সর্বোপরি হরতাল-অবরোধ আরোপ করার মাধ্যমে দেশের স্বাভাবিক জীবনযাত্রাকে ব্যাহত করে চলেছে। ব্যবসা-বাণিজ্য, পোশাক খাত, আমদানি-রফতানি খাত ক্ষতিগ্রস্ত হওয়ার পাশাপাশি শিক্ষা খাতে বড় ধরনের বিপর্যয় নেমে এসেছে। শিক্ষার্থী ও অভিভাবকরা এই বিপর্যয়ে মানসিকভাবে ভেঙ্গে পড়েছেন।

জানুয়ারি মাস থেকে একটানা চলতে থাকা হরতাল-অবরোধে দেশের কোমলমতি শিক্ষার্থীরা বিপাকে পড়েছে। বছরের প্রথম দিন দেশের প্রাথমিক-শিক্ষার্থীদের হাতে প্রায় ৩০ কোটি পাঠ্যপুস্তক তুলে দিয়ে সরকারের শিক্ষা কার্যক্রম সূচারুভাবে শুরু হলেও রাজনৈতিক বৈরী পরিবেশের ফলে এই কার্যক্রম মুখ খুবড়ে পড়ার উপক্রম হয়েছে। রাজনৈতিক বিপর্যয়ের ফলে জেএসসি, পিএসসির লাখ লাখ শিক্ষার্থীর পাশাপাশি ২ ফেব্রুয়ারি দেশের ১০ শিক্ষাবোর্ডের এসএসসি পরীক্ষায় অংশ নেয়া ১৪ লাখ শিক্ষার্থী দুর্ভোগের কবলে নিপতিত হয়েছে। হরতাল-অবরোধের কারণে উদ্বিগ্ন শিক্ষার্থীদের অভিভাবকরা তাঁদের সন্তানকে পরীক্ষা কেন্দ্রে পাঠাতে নিরাপদ মনে করছেন না। পেট্রোলবোমা, ককটেল, অগ্নিসংযোগের কবলে পড়ে মৃত্যুর মুখে পড়তে কে চায়! অন্যদিকে অব্যাহতভাবে হরতাল-অবরোধ চলতে

এর মধ্যে ২০
দলীয় জোটের
ঢাকা এসব
কর্মসূচী যদি
সামনের দিনেও
অব্যাহত থাকে
তবে তার প্রভাব
লাখ লাখ
এইচএসসি
পরীক্ষার্থীর
বেলায়ও পড়বে যা
শিক্ষা ব্যবস্থায়
তৈরি করবে এক
অশনিসঙ্কেত

থাকায় সপ্তাহের বন্ধের দিনগুলোতে টিমেতালে পরীক্ষা কার্যক্রম চালিয়ে সমন্বয় সাধনের উদ্যোগ নিয়ে শিক্ষা মন্ত্রণালয় হিমশিম খাচ্ছে। শিক্ষা সংশ্লিষ্টরা মনে করছেন, এসএসসি পরীক্ষার এই দীর্ঘসূত্রতা আগামী ১ এপ্রিল অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায়ও নেতিবাচক প্রভাব ফেলবে। তাঁরা বলছেন, হরতাল-অবরোধ ও সম্ভাব্য নাশকতার কারণে এসএসসি পরীক্ষা নির্ধারিত সময়ে শেষ করা যায়নি। এর মধ্যে ২০ দলীয় জোটের ঢাকা এসব কর্মসূচী যদি সামনের দিনেও অব্যাহত থাকে তবে তার প্রভাব লাখ লাখ এইচএসসি পরীক্ষার্থীর বেলায়ও পড়বে, যা শিক্ষা ব্যবস্থায় তৈরি করবে এক অশনি সঙ্কেত।

অন্যদিকে হরতাল-অবরোধের কারণে 'ও' এবং 'এ' লেভেল পরীক্ষার্থী ও অভিভাবকদের মধ্যেও উদ্বেগ ও আতঙ্ক সৃষ্টি হচ্ছে শুক্রবার জাতীয় প্রেসক্রাবে 'ও' এবং 'এ' লেভেলের উদ্বিগ্ন ১০ হাজার পরীক্ষার্থী ও তাদের অভিভাবকরা মানববন্ধন শেষে সংবাদ সম্মেলনে তাঁদের আশঙ্কার কথা প্রকাশ করেছেন। উদ্বিগ্ন অভিভাবকরা সংবাদ সম্মেলনে জানান, ইতোপূর্বে সকাল-সন্ধ্যা হরতাল থাকার ফলে মধ্যরাতে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। কিন্তু বর্তমানে যেভাবে লাগাতার হরতাল-অবরোধ-নাশকতা কর্মকাণ্ড চলছে তাতে মধ্যরাতেও পরীক্ষা নেয়া সম্ভব হচ্ছে না। উল্লেখ্য, 'ও' এবং 'এ' লেভেল পরীক্ষা একই সঙ্গে সব দেশে একই সময়ে অনুষ্ঠিত হয়ে থাকে। ফলে একই সময় পরীক্ষা দিতে না পারলে অন্য দেশের সঙ্গে পিছিয়ে পড়তে হয়। রাজনৈতিক কর্মসূচী দেয়ার আগে সংশ্লিষ্টদের লাখ লাখ শিক্ষার্থীর স্বার্থ বিবেচনায় আনা উচিত।